গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর

এবং

সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই,২০১৯–৩০ জুন, ২০২০

সূচিপত্র


উপক্রমণিকা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবংপরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩ :কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

উপক্রমণিকা (Preamble)

সরকারি যানবাহন অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, প্রশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর

এবং

সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## (Performance Overview of the Directorate of Government Transport)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

#### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

- ১৪০ টি সিডান কার, ৩০ টি বিএমডব্লিউ কার, ১১৬ টি জীপ, ৫৭ টি ডাবল কেবিন পিক-আপ, ০৬ টি মাইক্রোবাস, ৯১ টি মোটরসাইকেল, ০২ টি মিনিবাস, ২৮ টি ওবিএম ইঞ্জিন এবং ৪১ টি কেবিনসুবিধাসহ কেবিন ক্রুজার ক্রয় ও বরাদ্দ প্রদান।
- মেরামত কারখানা ও জেলাপুল আধুনিকায়নের লক্ষ্যে ১.৫০ কোটি টাকার উন্নত প্রযুক্তির যন্ত্রপাতি ক্রয়।
- সরকারি যানবাহন মেরামত কারখানায় ১৭,২১১ টি গাড়ির মেজর ও মাইনর মেরামত।
- ২,৩৩১ জন বিভিন্ন পদের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানসহ বিভিন্ন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ৩২ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান।
- আঞ্চলিক মোটরযান ও জলযান মেরামত কারখানা স্থাপনের জন্য জমি অধিগ্রহণের কার্যক্রম গ্রহণ।
- নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে ১০৪ টি ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন।
- উন্নয়ন কার্যক্রম প্রদর্শনের জন্য ১১ টি বিলবোর্ড স্থাপন।
- মেরামত কারখানার জায়গায় বহুতল ভবন নির্মাণের ভিত্তি প্রস্তর স্থাপন।

#### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

(ক) জনবলের স্বল্পতা ;

(খ) সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ

(গ) নিয়োগ বিধি সংশোধন ;

(ঘ) যানবাহন মেরামতের আধুনিক যন্ত্রপাতি এবং প্রশিক্ষিত/উন্নত প্রযুক্তি জ্ঞানসম্পন্ন কারিগরি জনবলের অভাব ;

(ঙ) নিরবিচ্ছিন্ন ও মানসম্মত সেবা প্রদানের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ ;

(চ) আধুনিক সুবিধা সম্পন্ন মেরামত কারখানা না থাকা ;

#### ভবিষ্যৎ পরিকল্পনা

- জনবলের স্বল্পতা দূরীকরণে যুগোপযোগী সাংগঠনিক কাঠামো ও নিয়োগবিধি সংশোধনের কার্যক্রম গ্রহণ;
- সরকারের কেন্দ্রীয় ও মাঠ প্রশাসনে নিরবিচ্ছিন্ন ও মানসম্মত পরিবহন সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে মোটরযান/জলযান ক্রয়/সংগ্রহ;
- দক্ষ জনবল তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;
- সরকারি যানবাহন মেরামত কারখানার স্থানে সর্বসাধারণের গাড়ি পার্কিং ও মটর মেকানিক ট্রেনিং সেন্টার এর সুবিধাসহ ওয়ার্কসপ ও অফিসের জন্য বহুতল ভবন নির্মাণ;
- জেলা পর্যায়ে গাড়ি পার্কিং ও মটর মেকানিক ট্রেনিং সেন্টার এর সুবিধাসহ ওয়ার্কসপ নির্মাণ;
- আঞ্চলিক পর্যায়ে জলযান পার্কিং , মেরামত এবং ট্রেনিং সেন্টার এর সুবিধাসহ ওয়ার্কসপ নির্মাণ;এবং
- সরকারি যানবাহন মেরামত কারখানার গাড়ী মেরামতের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে অধিকতর আধুনিকীরণ।

২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সফল করার লক্ষ্যে পরিবহন সেবা প্রদান।
- উপজেলা নির্বাহী কর্মকর্তাদের জন্য প্রতিস্থাপক হিসাবে ১০০ টি জীপ ক্রয়;
- জেলা ও উপজেলা প্রশাসনে ব্যবহারের জন্য ২০ টি জলযান (কেবিন ক্রুজার) ক্রয়;
- এ অধিদপ্তরে ব্যবহারের জন্য ০১ টি রেকার এবং ০২ টি লাশবাহী ফ্রিজিং ভ্যান ক্রয় ;
- Digital Service Implementation Roadmap-2021বাস্তবায়ন
- মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গ ও প্রাধিকারভুক্ত কর্মচারীদের ব্যবহারের জন্য ৫০ টি সিডান কার ক্রয় ;
- সরকারের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকরি পদক্ষেপ গ্রহণ ;
- কর্মচারীর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে যুগোপযোগি প্রশিক্ষণ প্রদান।
- আধুনিক সুবিধাসম্পন্ন বহুতল কার পার্কিংসহ ওয়ার্কসপ ভবন নির্মাণ।
- আঞ্চলিক পর্যায়ে জলযান পার্কিং, মেরামত এবং ট্রেনিং সেন্টারের সুবিধাসহ ওয়ার্কসপ নির্মাণ।
- বিভাগীয় ও জেলা পর্যায়ে গাড়ি পার্কিং ও মটর মেকানিক ট্রেনিং সেন্টারের সুবিধাসহ ওয়ার্কসপ নির্মাণ; এবং
- পুরাতন গাড়ি সংরক্ষণ বা ডাম্পিং এর জন্য জমি সংগ্রহ।

# রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবংকার্যাবলি

## ১.১রূপকল্প (Vision)

জনপ্রশাসনের প্রত্যাশিত, আধুনিক, মানসম্মত ও টেকসই পরিবহন সেবা।

## ১.২ অভিলক্ষ্য (Mission)

সরকারের কেন্দ্রীয় ও মাঠ প্রশাসনের জন্য মানসম্মত যানবাহন সংগ্রহ ও সরবরাহ, সুষ্ঠু রক্ষণাবেক্ষণ, চালক পদায়ন, যানবাহন মেরামত কারখানার আধুনিকায়ন, প্রশিক্ষণ এবং উন্নত ব্যবস্থাপনার মাধ্যমে প্রত্যাশিত পরিবহন সেবা নিশ্চিত করা।

## ১.৩ কৌশলগত উদ্দেশ্যমূহ (Strategic Objectives)

ক. প্রাতিষ্ঠানিক ও জনবল সক্ষমতা বৃদ্ধি।

খ. দ্রুত পরিবহন ও কারিগরি পরিসেবা প্রদান।

গ. যানবাহন মেরামত ও সার্ভিসিং এর মান উন্নয়ন।

## ১.৪ প্রধান কার্যাবলি (Functions)

- প্রাধিকারভুক্ত কর্মচারীদের ব্যবহারের জন্য চালকসহ মটরযান সরবরাহ ;
- সরকারের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন কমিশন/কমিটি/ট্রাইবুন্যাল এ মটরযান ও গাড়িচালক সরবরাহ;
- বিদেশী ডেলিগেটদের যাতায়াতের জন্য মটরযান ও গাড়িচালক সরবরাহ;
- মাঠ প্রশাসনে (বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার) যানবাহন (মোটরযান ও জলযান), চালক সরবরাহকরণ ও বাজেট প্রদান;
- সরকারি মোটরযান/জলযান মেরামত/রক্ষণাবেক্ষণ (বিভিন্ন সরকারি দপ্তর,পরিদপ্তর,সংস্থা, কর্পোরেশনসহ);
- সরকারি প্রতিষ্ঠানে মোটরযান/জলযান ক্রয় ও অকেজো ঘোষণায় কারিগরি সহায়তা প্রদান;
- গাড়িচালক, কারিগরি ও অন্যান্য কর্মচারীদের '' সচেতনতা ও দক্ষতা '' বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;
- সরকারি যানবাহনের প্রাধিকারভুক্ত কর্মচারীদের গাড়ি ব্যবহার সংক্রান্ত অনাপত্তি সনদ প্রদান; এবং
- মোটরযান/জলযান অকেজো ঘোষণাকরণ ও বিক্রয়।

## সরকারি যানবাহন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত অন্যান্য দপ্তর/সংস্থা/মন্ত্রণালয় | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ (নভেম্বর/১৮ পর্যন্ত) | | ২০২০-২১ | ২০২১-২২ | | |
| ১. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | প্রশিক্ষণ ও দক্ষ জনবল | ঘন্টা | ৬০ | যুগোপযোগী নিয়োগ বিধি অনুমোদনের অপেক্ষাধীন এবং প্রশিক্ষণ কার্যক্রম চলমান | ৬০ | ৬০ | ৬০ | জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় | প্রতিষ্ঠানের নিজস্ব সূত্র। |
| ২. পরিবহন ও কারিগরি সেবা | গুনগত মানসম্পন্ন যানবাহন ও দক্ষ চালক | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং জনপ্রশাসন মন্ত্রণালয় | জেলাপুল এবং প্রতিষ্ঠানের নিজস্ব সূত্র। |
| ৩. নিরবিচ্ছিন্ন ও মানসম্মত যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ পরিসেবা | সচল ও মানসম্মত মোটরযান/জলযান | % | ৮০ | ৮০ | ৮০ | ৮০ | ১০০ | জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় | জেলাপুল এবং প্রতিষ্ঠানের নিজস্ব সূত্র। |

## সেকশন ৩

### বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, অগ্রাধিকার কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ :

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কার্যসম্পাদন সূচক (Performance Indicators) | পরিমাপের একক | কার্য সম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০২০ (Target/Criteria Value for FY 2019-2020) | | | | | প্রক্ষেপণ (Projection) | প্রক্ষেপণ (Projection) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ (মার্চ/১৯ পর্যন্ত) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | ২০২০-২০২১ | ২০২১-২০২২ |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| কৌশলগত উদ্দেশ্যসমূহ : | | | | | | | | | | | | | | |
| ১.প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি। | ৩৫ | ১.১ মোটরযান/জলযান ক্রয় | ক্রয়কৃত মোটরযান/জলযান | সংখ্যা | ১০ | ১৩৮ | ০ | ১০৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ১১০ | ১০৮ |
| | | ১.২ মোটরযান/জলযান বরাদ্দ | জেলা/উপজেলাসহ প্রাধিকারভুক্ত কর্মচারীদের ব্যবহারের জন্য মোটরযান/জলযান সরবরাহ | % | ৭ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ১.৩ নিয়োগ বিধি সংশোধন | যুগোপযোগি নিয়োগ বিধি প্রণয়ন | তারিখ | ৫ | সেপ্টে/১৭ | কার্যক্রম চলমান | ১০ জুন,২০২০ | ১৫ জুন,২০২০ | ২০ জুন,২০২০ | ২৫ জুন,২০২০ | ৩০ জুন,২০২০ | ফেব্রু/২১ | ফেব্রু/২১ |
| | | ১.৪ সাংগঠনিক কাঠামো সংশোধন | সাংগঠনিক কাঠামো যুগোপযোগিকরণের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ৫ | সেপ্টে/১৭ | কার্যক্রম চলমান | ১০ জুন,২০২০ | ১৫ জুন,২০২০ | ২০ জুন,২০২০ | ২৫ জুন,২০২০ | ৩০ জুন,২০২০ | ফেব্রু/২১ | ফেব্রু/২২ |
| | | ১.৫ অকেজো ঘোষিত মোটরযান/জলযান নিস্পত্তিকরণ | অকেজো ঘোষিত মোটরযান/জলযান বিক্রি | % | ৫ | ৯০ | ৯০ | ৯৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৯৫ | ৯০ |
| | | ১.৬ বিশেষ রেজিস্ট্রেশনকৃত মোটরযান নিস্পত্তিকরণ | অকেজো ঘোষিত মোটরযান বিক্রি | % | ৩ | ৯০ | ৯০ | ৯৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৯৫ | ৯০ |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২. দ্রুত পরিবহন ও কারিগরি পরিসেবা প্রদান। | ১৭ | ২.১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সফল করার লক্ষ্যে পরিবহন সেবা প্রদান। | মোটরযান/জলযান সরবরাহকরণ | % | ১ | -- | -- | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | |
| | | ২.২ সরকারের ভিআইপি ও বিদেশী ডেলিগেটদের জন্য যানবাহন (মোটরযান ও জলযান) ও চালক সরবরাহের মাধ্যমে দ্রুত সেবা প্রদান। | সরবরাহকৃত মোটরযান/জলযান | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ২.৩ সরকারি প্রতিষ্ঠানে মোটরযান/জলযান ক্রয়/মেরামত এবং অকেজোকরণে কারিগরি সহায়তা প্রদান। | কারিগরি সেবা গ্রহিতা প্রতিষ্ঠান | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ২.৪ সরকারি যানবাহনের প্রাধিকারভূক্ত কর্মচারীদের গাড়ি ব্যবহার সংক্রান্ত অনাপত্তি সনদ প্রদান। | সরকারি যানবাহনের প্রাধিকারভূক্ত কর্মচারী | দিন | ৫ | ০১ | ০১ | ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০১ | ০১ |
| ৩. যানবাহন মেরামত ও সার্ভিসিং এর মান উন্নয়ন। | ২৩ | ৩.১ গুনগতমান বজায় রেখে মোটরযান/জলযান মেজর মেরামত | মেরামতকৃত মোটরযান/জলযান | % | ৪ | ৮০ | ৮০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৯০ | ১০০ |
| | | ৩.২ গুনগতমান বজায় রেখে মেজর মেরামতকৃত মোটরযান/জলযান ডেলিভারী | মেরামতকৃত মোটরযান/জলযান ডেলিভারি প্রদান | দিন | ৩ | -- | ১২ | ১০ | ১২ | ১৫ | ১৮ | ২০ | ১০ | ১০ |
| | | ৩.৩ গুনগতমান বজায় রেখে মোটরযান/জলযান মাইনর মেরামত | মেরামতকৃত মোটরযান/জলযান | % | ৪ | ৮০ | ৮০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৯০ | ১০০ |
| | | ৩.৪ গুনগতমান বজায় রেখে মাইনর মেরামতকৃত মোটরযান/জলযান ডেলিভারী ডেলিভারী | মেরামতকৃত মোটরযান/জলযান ডেলিভারি প্রদান | দিন | ৩ | -- | ৫ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ৫ | ৫ |
| | | ৩.৫ আধুনিক সুবিধাসম্পন্ন বহুতল কার পার্কিংসহ ওয়ার্কসপ ভবন নির্মাণ প্রকল্প | সরকারি গাড়ি মেরামত ও পার্কিং সুবিধা বৃদ্ধি প্রকল্প অনুমোদন | তারিখ | ৫ | -- | ২০ | ১০ জুন,২০২০ | ১৫ জুন,২০২০ | ২০ জুন,২০২০ | ২৫ জুন,২০২০ | ৩০ জুন,২০২০ | ফেব্রু/২১ | ফেব্রু/২২ |
| | | ৩.৬ মেরামত কারখানা কর্তৃক গাড়ি মেরামত সম্পর্কিত অনাপত্তি প্রদান। | সরকারি গাড়ি মেরামত সম্পর্কিত অনাপত্তি প্রদান। | দিন | ৪ | ০৩ | ০২ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০২ | ০২ |
| মোট : | ৭৫ | -- | -- | -- | ৭৫ | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন অনলাইনে দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.৪] মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ০.৫ | ৩১ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১০ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৪ ফেব্রুয়ারি, ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | | [১.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর, ২০১৯ | ১৫ নভেম্বর, ২০১৯ | ১৫ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ৩১ জানুয়ারি, ২০২০ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১০ | [২.১] দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথিব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] দপ্তর/সংস্থাকর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [২.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | ১ | ১৫ ফেব্রুয়ারি, ২০২০ | ১৫ মার্চ, ২০২০ | ৩১মার্চ, ২০২০ | ৩০ এপ্রিল, ২০২০ | ৩০ মে, ২০২০ |
| | | [২.৩] দপ্তর/সংস্থাকর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ১১ মার্চ, ২০২০ | ১৮ মার্চ, ২০২০ | ২৫ মার্চ, ২০২০ | ১ এপ্রিল, ২০২০ | ৮ এপ্রিল, ২০২০ |
| | | [২.৪] সেবা সহজিকরণ | [২.৪.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | ০.৫ | ১৫ অক্টো, ২০১৯ | ২০ অক্টো, ২০১৯ | ২৪ অক্টো, ২০১৯ | ২৮ অক্টো, ২০১৯ | ৩০ অক্টো, ২০১৯ |
| | | | [২.৪.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | ০.৫ | ১৫ এপ্রিল, ২০২০ | ৩০ এপ্রিল, ২০২০ | ১৫ মে, ২০২০ | ৩০ মে, ২০২০ | ১৫ জুন, ২০২০ |
| | | [২.৫] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [২.৫.১] পি আর এল আদেশ জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৫.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৬] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৬.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [২.৬.২] নিয়োগ প্রদানকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.৭] বিভাগীয় মামলা নিষ্পত্তি | [২.৭.১] বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | |
| | | [২.৮] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৮.১] সকল তথ্যহালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৭ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ০.৫ | ১৬ আগস্ট, ২০১৯ | ২০ আগস্ট, ২০১৯ | ২৪ আগস্ট, ২০১৯ | ২৮ আগস্ট, ২০১৯ | ৩০ আগস্ট, ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.৪.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | | [৩.৪.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | [৩.৫] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৫.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৫.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৫.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি,পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর,জনপ্রশাসন মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর,জনপ্রশাসন মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| পরিবহন কমিশনার<br>সরকারি যানবাহন অধিদপ্তর | ১৭.০৬.২০১৯<br>তারিখ |
| সচিব<br>জনপ্রশাসনমন্ত্রণালয় | ১৭.০৬.২০১৯<br>তারিখ |